

ভারতের বাইরের নিকট আত্মীয়ের কাছ থেকে ঋণের পদ্ধতির উদারনীতিকরণ

৬ই সেপ্টেম্বর, ২০০২

ভারতে বসবাসকারী নাগরিকদের বিদেশী মুদ্রা বিনিময় সম্বন্ধীয় নিয়মগুলি পদ্ধতিমূলক ভাবে সরল ও উদার করার পদক্ষেপ ভারতের রিজার্ভ ব্যাংক নিয়ে আসছে।

বর্তমান নিয়ন্ত্রণ অনুযায়ী বসবাসকারীদের অনুমতি দেওয়া আছে ২৫০,০০০ মার্কিন ডলার অবধি ঋণ তারা ভারতের বাইরে বসবাসকারী নিকট আত্মীয়দের কাছ থেকে নিতে পারেন যদি সেটা বিনা সুদে হয় এবং সাত বছরের আগে ফেরৎ যোগ্য না হয়। রিজার্ভ ব্যাংক দ্বারা প্রাপ্ত প্রতিনিধিত্বের পরিপ্রেক্ষিতে, এই ধরনের ঋণ ফেরৎ দেবার সময়সীমা কমিয়ে এক বছর করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সেই অনুসারে, এখন বসবাসকারীরা তাদের ভারতের বাইরে বসবাসকারী নিকট আত্মীয়দের কাছ থেকে ২৫০,০০০ মার্কিন ডলার অবধি ঋণ নিতে পারবেন যদি সেটা বিনা সুদে হয় ও এক বছর পর ফেরৎ যোগ্য হয়।

ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট অ্যাক্ট ১৯৯৯ (এফ.ই.এম.এ.)-র কাঠামো অনুসারে তৈরী বর্তমান নিয়ম/নিয়ন্ত্রণ সংশোধনের নোটিফিকেশন প্রকাশিত না হওয়া পর্যন্ত রিজার্ভ ব্যাংকের আঞ্চলিক অফিসগুলি দ্রুত এই বিষয়ের আবেদন পত্রগুলির প্রতি নজর দেবে।

আলপনা কিন্নাওয়াল
জেনারেল ম্যানেজার

প্রেস বিজ্ঞপ্তি : 2002-2003/266